

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গোপালগঞ্জ সদর।

স্মারক নং ০৫.৪৯০.০১১.০০.০০.০৩৯.২০১২-১১১ (৩০)

তারিখ: ০৭/০২/২০১৬ খ্রি.


**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার বিভাগের ০৪ মে, ২০১৫ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ এর ৩ ও ৪/৭(২) ধারা মতে গোপালগঞ্জ জেলাধীন সদর উপজেলার ইউনিয়নের পার্শ্বে উন্নিখিত ওয়ার্ডের শূন্য পদে মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের জন্য নিম্নোক্ত ইউনিয়নের (ওয়ার্ডের) স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	ইউনিয়নে নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা	বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা
মহল্লাদার (গ্রামপুলিশ)	হরিদাসপুর	০৬	০১	সরকার কর্তৃক নির্ধারিত	১৮ -৩০	৮ম শ্রেণি উচ্চীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উচ্চীর্ণ।
	নিজড়া	০৪ ও ০৭	০২			
	রঘুনাথপুর	০৫	০১			

**শর্তাবলী:**

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০-৩২ ইঞ্চি এবং ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট বুকের মাপ ২৮-৩০ ইঞ্চি ও ওজন ৪৫ কেজি হতে হবে।
- আবেদনকারী/প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (২২/০২/২০১৬ খ্রি. তারিখের মধ্যে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) দাখিলসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর ২২/০২/২০১৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবদেন সরাসরি বা ডাক যোগে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে আবেদনকারী/প্রার্থীর তিনি কপি পাসপোর্ট সাইজের সদয় তোলা রঞ্জিন ছবি, সংশ্লিষ্ট ওয়ার্ড এবং ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নাগরিকত্ব/সনদপত্র, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদ, চারিত্রিক সনদপত্র, জন্মনিবন্ধন সনদপত্র ও ভোটার আইডি কার্ডের ফটোকপি দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধিবিধান ও কোটা অনুসরন করা হবে।
- প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারী/প্রার্থীগণকে বাছাই কমিটির স্বাক্ষাতকারে উপস্থিত হতে হবে। স্বাক্ষাতকারে উপস্থিত আবেদনকারী/প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকারী/প্রার্থীর প্রাপ্ত তথ্য ভূয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগপ্রাপ্ত আবেদনকারী/প্রার্থীকে থানায় এক মাস প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- কোন কারন দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/পদের সংখ্যা বৃদ্ধি বা কমানোর অধিকার সংরক্ষণ করেন।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ স্বাক্ষাতকার গ্রহণ করতে কিংবা পদে নিয়োগ করতে বাধ্য থাকবে না।

  
 (মোহাম্মদ জালাল ইসলাম)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 গোপালগঞ্জ সদর

স্মারক নং ০৫.৪৯০.০১১.০০.০০.০৩৯.২০১২- ১২০ (৩০)

তারিখ : ০৭/০২/২০১৬ খ্রি.

## অনুলিপি:

- |  |                 |
|--|-----------------|
| ১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।   | সদয় জ্ঞাতার্থে |
| ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর ।  |                 |
| ৩। উপজেলা.....কর্মকর্তা, গোপালগঞ্জ সদর । বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ ।   |                 |
| ৪। চেয়ারম্যান.....ইউ.পি.। বিজ্ঞপ্তি ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য<br>বাতায়ন ও হাট বাজারে বহুল প্রচারের জন্য । |                 |
| ৫। .....   |                 |
| .....  |                 |

০৭/০২/২০১৬  
উপজেলা নির্বাহী অফিসার  
গোপালগঞ্জ সদর